# বার্ষিক প্রতিবেদন

# ২০২৩-২৪



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

## বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

## রাবার বিভাগ, চট্টগ্রাম জোন

এফ-১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম-৪২১২ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
**বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন**
**রাবার বিভাগ, চট্টগ্রাম**
**এফ-১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম।**
ফোন নং ঃ ০২৩৩৪৪৭০৩৪৯, ই-মেইল নং bfidcrubberctg@gmail.com

রাবার কাঠ শক্ত, টেকইসই ও উন্নতমানের। আপনিও রাবার কাঠের আসবাবপত্র ব্যবহার করুন।

## ভূমিকা:

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) The Forest Industries Development Corporation ordinance, 1959 এর অধীন প্রতিষ্ঠিত এবং Bangladesh Law (Revision and Declaration) Act 1973 (act No. VIII of 1973) দ্বারা প্রতিস্থাপিত। বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন একটি রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক প্রতিষ্ঠান। বর্তমানে বিএফআইডিসি'র তিনটি জোনের (চট্টগ্রাম,সিলেট ও মধুপুর) আওতায় ১৮টি রাবার বাগান ও একটি রাবার ট্রেনিং সেন্টার এবং ০৮টি শিল্প ইউনিট রয়েছে। রাবার বাগান সংলগ্ন এলাকাকে কেন্দ্র করে হাট-বাজার, শিক্ষাঙ্গণ, ধর্মীয় উপাসনালয়সহ নানা ধরনের অবকাঠামো গড়ে ওঠায় অর্থনৈতিক কর্মকাণ্ড সম্প্রসারিত হবার ফলে উত্তরোত্তর দেশের দুর্গম পাহাড়ি ও প্রত্যন্ত অঞ্চলে জীবনযাত্রার মান ও আর্থ-সামাজিক অবস্থার প্রভূত উন্নয়ন সাধিত হচ্ছে। পৃথিবীর মানুষ বিভিন্নভাবে রাবারকে কাজে লাগিয়ে খেলার সামগ্রী থেকে শুরু করে গুরুত্বপূর্ণ প্রায় ৪৬ হাজার পণ্য সামগ্রী তৈরি করে বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি করছে। রাবারের উৎপাদন বৃদ্ধির স্বার্থে বাংলাদেশ রাবার বোর্ড এর মাধ্যমে উচ্চ ফলনশীল রাবার ক্লোন আমদানী এবং রাবার বাগান ও শিল্পইউনিটসহ বিএফআইডিসির সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে "বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) শক্তিশালীকরণ" প্রকল্প হাতে নেয়া হয়েছে এবং প্রায় ৯ লক্ষ জীবনচক্র হারানো রাবার গাছ দ্রুত কর্তনের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ এর ০৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দের ০৪.০০.০০০০. ৩১১.০৬.১০৩.২২.৭৯(২) নং স্মারক মূলে "বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন আইন-২০২২" এর খসড়ার নীতিগত অনুমোদন দেয়া হয়েছে।

## ভিশন:

পরিবেশ সুরক্ষা করে রাবার ও কাঠ শিল্পকে টেকসই এবং লাভজনক করা।

## মিশন:

উন্নত জাতের ক্লোন/ উচ্চ ফলনশীলজাত ব্যবহার করে রাবারের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে রাবারের চাহিদা পূরণ এবং যুগোপযোগী আসবাবপত্র তৈরী ও বিক্রয় করে বিএফআইডিসিকে একটি প্রতিযোগিতামূলক কর্পোরেট প্রতিষ্ঠানে উন্নীত করা।

উদ্দেশ্য:

- বনভূমি এবং বিএফআইডিসির রাবার বাগান হতে কাঠ/জীবনচক্র  হারানো রাবার কাঠ ও কাঠজাত সামগ্রী আহরণ।
- কাঠ/বনজ সম্পদের  বাণিজ্যিক ও সর্বোচ্চ ব্যবহারকল্পে শিল্প প্রতিষ্ঠান গড়ে তোলা।
- আহরিত কাঠ/রাবার কাঠ চিরাই, ট্রিটমেন্ট ও সিজনিং এর মাধ্যমে কাঠের গুণগতমান ও স্থায়িত্ব বৃদ্ধি করে আধুনিক ও উন্নতমানের  আসবাবপত্র, ডানেজ  এবং স্টিলের আসবাবপত্র ইত্যাদি প্রস্তুতকরণ।
- বন বিভাগ হতে লিজ চুক্তির মাধ্যমে প্রাপ্ত জমিতে বাণিজ্যিকভাবে রাবার চাষ, উৎপাদন, রাবার প্রক্রিয়াজাত করণ ও বিপণন এবং ফলজ, বনজ, ঔষধি ও সামাজিক বনায়ন।
- পাহাড়ী ও প্রত্যন্ত গ্রামীণ জনপদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও মূল্য সংযোজন।

লক্ষ্যসমূহ :

- শিল্পকারখানা  স্থাপনের মাধ্যমে বনজ সম্পদের সর্বোচ্চ ব্যবহার;
- অপেক্ষাকৃত কম উর্বর ক্ষয় প্রাপ্ত পাহাড়, টিলা, উঁচুভূমিতে সফল, টেকসই ও বাণিজ্যিকভাবে লাভজনক রাবার বাগান সৃজন এবং মাটির ক্ষয়রোধ;
- প্রত্যন্ত জনপদে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন ও জীবনযাত্রার মানমানোন্নয়ন;
- কার্বন শোষনের মাধ্যমে বৈশ্বিক উষ্ণতা হ্রাস;
- প্রাকৃতিক কাঁচা রাবার উৎপাদন ও বিপণনের মাধ্যমে বৈদেশিক মুদ্রার সাশ্রয়।

## রাবার সেক্টর

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের রাবার সেক্টর চট্টগ্রাম, সিলেট ও টাঙ্গাইল-শেরপুর জোন নামে ০৩টি জোনে বিভক্ত। উক্ত তিনটি জোনের নিয়ন্ত্রণাধীন মোট রাবার বাগানের সংখ্যা ১৮টি। জোন ভিত্তিক বাগানসমূহের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ-


| ক্র. নং | জোন/বাগানের নাম | প্রতিষ্ঠাকাল | অবস্থান |
|---|---|---|---|
| **রাবার বিভাগ**, চট্টগ্রাম জোন | | ০১-০১-১৯৮৪ | ৬৭, পাঁচলাইশ আবাসিক এলাকা, চট্টগ্রাম |
| | | জুলাই, ১৯৯৩ | এফ-১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম |
| ১ | **রামু রাবার বাগান** | ১৯৬০-৬১ | রামু, কক্সবাজার |
| ২ | **রাউজান রাবার বাগান** | ১৯৬০-৬১ | রাউজান, চট্টগ্রাম |
| ৩ | **ডাবুয়া রাবার বাগান** | ১৯৬৮-৬৯ | রাউজান, চট্টগ্রাম |
| ৪ | **হলদিয়া রাবার বাগান** | ১৯৮১-৮২ | রাউজান, চট্টগ্রাম |
| ৫ | **কাঞ্চননগর রাবার বাগান,** | ১৯৮২-৮৩ | ফটিকছড়ি, চট্টগ্রাম |
| ৬ | **রাঙ্গামাটিয়া রাবার বাগান** | ১৯৭৮-৭৯ | ফটিকছড়ি, চট্টগ্রাম |
| ৭ | **দাঁতমারা রাবার বাগান** | ১৯৬৯-৭০ | ফটিকছড়ি, চট্টগ্রাম |
| ৮ | **তারাখোঁ রাবার বাগান** | ১৯৮২-৮৩ | ফটিকছড়ি, চট্টগ্রাম |
| ৯ | **রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান** | ২০১২-১৩ | পোমরা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম |
| ১০ | **রাবার ট্রেনিং সেন্টার** | ১৯৮০ | ফটিকছড়ি, চট্টগ্রাম |

# ২০২৩-২৪ অর্থবছরে উল্লেখযোগ্য অর্জন

## কৃষি সেক্টর

**গাছের ধরণ ও সংখ্যা:**

| ক্রমিক নম্বর | বাগানের নাম | বাগানের পরিমাণ (একর) | উৎপাদনশীল গাছের সংখ্যা (টি) [৮-৩২ বছর] | অনুৎপাদনশীল গাছের সংখ্যা (টি) [৭ বছর পূর্ণ হয়নি] | জীবনচক্র হারানো গাছের সংখ্যা (টি) [৩২ বছর+] | মোট গাছের সংখ্যা (টি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭(৪+৫+৬) |
| **(ক) চট্টগ্রাম জোন** | | | | | | |
| ১ | রামু রাবার বাগান | ২১৩১.০০ | ৭৯৭৬৪ | ১১২১৭০ | ১৯৪৮৯ | ২১১৪২৩ |
| ২ | রাউজান রাবার বাগান | ১২৮০.০৯ | ৮১২৮৩ | ১২২৬৯৬ | ২৫৫৪ | ২০৬৫৩৩ |
| ৩ | ডাবুয়া রাবার বাগান | ২১০০.১০ | ১২৩৭১১ | ২০৩২৭৯ | ৩০০৫৯ | ৩৫৭০৪৯ |
| ৪ | হলদিয়া রাবার বাগান | ২২৪৬.০০ | ১৩৩৯৫৩ | ১৭৬২৬৬ | ২৭৮৭১ | ৩৩৮০৯০ |
| ৫ | কাঞ্চননগর রাবার বাগান | ১১৩০.০০ | ৭৩৬২১ | ৭৪৯৩৯ | ৯৮৯২ | ১৫৮৪৫২ |
| ৬ | রাঙ্গামাটিয়া রাবার বাগান | ১২৪১.০০ | ৪২১৯৬ | ৪৩৪৯৭ | ২২০৪৪ | ১০৭৭৩৭ |
| ৭ | দাঁতমারা রাবার বাগান | ৩৯৬৫.০০ | ২৪২৫০০ | ১২৬৬০৩ | ৫৮৮৩০ | ৪২৭৯৩৩ |
| ৮ | তাঁরাখো রাবার বাগান | ২৪৩৬.০০ | ১২৮৮৪২ | ১৪০২৪৪ | ১৩৭০৭ | ২৮২৭৯৩ |
| ৯ | রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান | ৭৮৮.০০ | ৩৪৮৭৬ | ১০৩৫০০ | - | ১৩৮৩৭৬ |



রাবার বাগানের চিত্র

## রাবার উৎপাদন

| ক্রমিক নং | বাগানের নাম | উৎপাদন (মেট্রিক টন) | | |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | শতকরা হার (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (ক) চট্টগ্রাম জোন: | | | | |
| ১. | রামু রাবার বাগান | ২২৫.০০০ | ১৮১.৩১২ | ৮০.৫৮% |
| ২. | রাউজান রাবার বাগান | ২০৮.০০০ | ২১৪.১৩৫ | ১০২.২৯% |
| ৩. | ডাবুয়া রাবার বাগান | ৩৫১.০০০ | ৩৬৩.৬৫৩ | ১০৩.৬০% |
| ৪. | হলদিয়া রাবার বাগান | ৪০৪.০০০ | ৪০৫.৪৫৯ | ১০০.৩৬% |
| ৫. | কাঞ্চননগর রাবার বাগান | ২২৯.০০০ | ১৯৬.৩৮৭ | ৮৫.৭৬% |
| ৬. | রাঙ্গামাটিয়া রাবার বাগান | ১৭২.০০০ | ১৭৩.০৪৫ | ১০০.৬১% |
| ৭. | দাঁতমারা রাবার বাগান | ৭৮২.০০০ | ৭৫১.০৯৮ | ৯৬.০৫% |
| ৮. | তারাখোঁ রাবার বাগান | ৪৪০.০০০ | ৩৯৮.২৯১ | ৯০.৫২% |
| ৯. | রাউজান-রাঙ্গুনিয়া রাবার | ৩৯০.০০ | ৫৩.৪৫৮ | ১৩৭.০৭% |
| | উপমোট = | ২৮৫০.০০০ | ২৭৩৮.৫৮৮ | ৯৬.০৯% |



বাটিতে রাবার কষ (ল্যাটেক্স) সংগ্রহ



ধুমঘরে ধূমায়িত রাবার শীট

## নার্সারী, বাগান সৃজন ও জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন

২০২৩-২০২৪ অর্থবছরে বিএফআইডিসি'র ১৮টি রাবার বাগানে নার্সারী ও বাগান সৃজনের পরিমাণ এবং অপসারণকৃত জীবনচক্র হারানো রাবার গাছের বিবরণ:

| ক্র. নং | বাগানের নাম | ২০২৩-২০২৪ অর্থবছর | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নার্সারী সৃজন (একর) | | বাগান সৃজন (একর) | | অপসারণকৃত রাবার গাছ (সংখ্যা) | প্রাপ্ত গোলকাঠ (ঘঃ ফুঃ) | প্রাপ্ত জ্বালানী কাঠ (ঘঃ ফুঃ) |
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | লক্ষ্যমাত্রা | অর্জন | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| (ক) চট্টগ্রাম জোন: | | | | | | | | |
| ১. | রামু রাবার বাগান | ১.৫০ | ১.৫০ | ৭৭.০০ | ৭৭.০০ | ৭৯১৭ | - | ২৪৮৫ |
| ২. | রাউজান রাবার বাগান | ১.০০ | ১.০০ | ৫০.০০ | ৫০.০০ | - | - | - |
| ৩. | ডাবুয়া রাবার বাগান | ১.০০ | ১.০০ | ৬০.০০ | ৬০.০০ | ১৩৩৫ | - | ৮১৯৬ |
| ৪. | হলদিয়া রাবার বাগান | ১.০০ | ১.০০ | ৫৩.০০ | ৫৩.০০ | ৪০০৬ | ৮৫৬৭.৪৯ | ৭৩৫৬০ |
| ৫. | কাঞ্চননগর রাবার বাগান | ১.০০ | ১.০০ | ৫৫.০০ | ৫৫.০০ | ১২৮০ | - | ২৪৮৫ |
| ৬. | রাঙ্গামাটিয়া রাবার বাগান | ০.৫০ | ০.৫০ | ৩০.০০ | ৩০.০০ | ২৯৬৬ | ১০৩৮৫.৪৯ | ১৩৯৩৫ |
| ৭. | দাঁতমারা রাবার বাগান | ২.০০ | ২.০০ | ৫০.০০ | ৫০.০০ | ২৭০০ | ১৩৭২২.৬৬ | ২৩৯৮৭.৯৮ |
| ৮. | তারাখোঁ রাবার বাগান | ২.০০ | ২.০০ | ১০০.০০ | ১০০.০০ | ৭৯১৩ | - | ৫৫৬৭৭ |
| ৯. | রাউজান-রাঙ্গুনিয়ারাবার বাগান | ১.০০ | ১.০০ | - | - | - | - | - |
| | উপমোট= | ১১.০০ | ১১.০০ | ৪৭৫.০০ | ৪৭৫.০০ | ২৫৩৫১ | ৩২৬৭৫.৬৪ | ১৮০৩২৫.৯৮ |

## জোন ও বাগান ভিত্তিক লাভ/ক্ষতির বিবরণ

| বিবরণ | আয় | ব্যয় | লাভ/ ক্ষতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| **(ক) চট্টগ্রাম জোন** | | | |
| রামু রাবার বাগান | ৪১৯৫৩৮১০ | ৫০৭৫০০০৬ | -৮৭৯৬১৯৬ |
| রাউজান রাবার বাগান | ৫০৭৩২২২ | ৫০২৮৭০০৯ | ৪৪৫২১৩ |
| দাঁতমারা রাবার বাগান | ১৯৩৫৪৫৪৩০ | ১৯২৬৭১৮৯০ | ৮৭৩৫৪০ |
| তারাখোঁ রাবার বাগান | ৯১৫৭০৮৪০ | ৮৯৭৭১২৫০ | ১৭৯৯৫৯০ |
| হলদিয়া রাবার বাগান | ১০০১৬৪৭৫০ | ৭৯৮৩৬৪৮০ | ২০৩২৮২৭০ |
| ডাবুয়া রাবার বাগান | ৮৬৯৭০৭২০ | ৮১০৪৫৬৩০ | ৫৯২৫০৯০ |
| কাঞ্চন নগর রাবার বাগন | ৫১৩৫৩৫৪০ | ৪৮২২০৯২০ | ৩১৩২৬২০ |
| রাঙ্গামাটিয়া রাবার বাগান | ৪৯৬৩৯৮৯০ | ৫৬৯৯২৭৫০ | -৭৩৫২৮৬০ |
| রাউজান- রাঙ্গুনিয়া রাবার বাগান | ১৪৪৩০২০০ | ১৬২৭৮২৮০ | -১৮৪৮০৮০ |
| **উপ মোট** | ৬৮০৩৬১৪০২ | ৬৬৫৮৫৪২১৫ | ১৪৫০৭১৮৭ |

## সম্পাদিত উন্নয়নমূলক কার্যক্রম

| ক্রমিক নং | কাজের বিবরণ | দপ্তর/বাগানের নাম | জোনের নাম | কার্যাদেশের মূল্য ও তারিখ | কাজ শেষ হওয়ার তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের দপ্তর কক্ষ সংস্কার | সদর দপ্তর | | ১,২৮,৫০০.০০ ১৩/০৩/২০২৪ | ১৯/০৩/২০২৪ |
| ২ | বনশিল্প ভবনের সদর দপ্তরের ব্যবহৃত ফ্লোরগুলো রং করণ | সদর দপ্তর | | ১,১১,৩১৮.০০ ২৪/০৮/২০২৩ | ১১/০৯/২০২৩ |
| ৩ | রাবার বিভাগ, চট্টগ্রামের বিশ্রামাগার রিনোভেশন | রাবার বিভাগ, চট্টগ্রাম জোন | চট্টগ্রাম জোন | ২৪,৩১,৬৩৭.১০ ০৪/০২/২০২৪ | ১৫/০৪/২০২৪ |
| ৪ | রামু রাবার বাগানের বিশ্রামাগার রিনোভেশন | রামু রাবার বাগান | চট্টগ্রাম জোন | ২১,২১,৪১৬.৪১ ১৬/০১/২০২৪ | ০৯/০৬/২০২৪ |
| ৫ | কাঞ্চননগর রাবার বাগানের টেপার ব্যারাক নির্মাণ | কাঞ্চননগর রাবার বাগান | চট্টগ্রাম জোন | ১৩,৭২,১০২.০০ ২৮/০৫/২০২৩ | ০৪/১০/২০২৩ |
| ৬ | রাঙ্গামাটিয়া রাবার বাগানের টেপার ব্যারাক নির্মাণ | রাঙ্গামাটিয়া রাবার বাগান | চট্টগ্রাম জোন | ১৩,৭২,১০২.০০ ২৮/০৫/২০২৩ | ১৯/০৯/২০২৩ |
| ৭ | আনসার ক্যাম্প/আবাসন ও ওয়াশরুম রিনোভেশন কাজ | ডাবুয়া রাবার বাগান | চট্টগ্রাম জোন | ২,৯৮,৩৮৫.৫৪ ২৯/০৫/২০২৪ | ১৯/০৬/২০২৪ |
| ৮ | আনসার ক্যাম্প/আবাসন ও ওয়াশরুম রিনোভেশন কাজ | রাউজান রাবার বাগান | চট্টগ্রাম জোন | ২,০৮,৯৮৬.০০ ০৪/০৪/২০২৪ | ০৪/০৫/২০২৪ |

# পরিচিতি ও অর্জন

## রাবার বিভাগ, চট্টগ্রাম জোন

### রামু রাবার বাগান

রামু রাবার বাগানটি কক্সবাজার জেলার রামু থানায় চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের পার্শ্বে অবস্থিত। পাহাড়ী এলাকায় এক মনোমুগ্ধকর পরিবেশে বাংলাদেশ বন বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে ১৯৬০-৬১ খ্রি. ৩০.০০ একর বাগান সৃষ্টির মাধ্যমে এ বাগানের কার্যক্রম শুরু হয়। বর্তমানে বাগানের মোট আয়তন ২৬৮২.৬৮ একর। দখলীয় জমির পরিমাণ ২২৯৪.৩৮ একর। বেদখলকৃত জমির পরিমাণ ৩৮৮.৩০ একর। বাগান এলাকা ২১৩১ একর। অফিস, কারখানা ও অন্যান্য ১৬৩.৩৮ একর। এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ১৮১.৩১২ মে. টন অর্জিত হয়েছে।



### রাউজান রাবার বাগান

সম্প্রসারিত রাউজান রাবার বাগনটি রাউজান উপজেলা সদর থেকে ০৩ কি.মি. পূর্বে চট্টগ্রাম-রাঙামাটি পার্বত্য জেলা সড়কের পার্শ্বে রাউজান এবং কাউখালী থানায় অবস্থিত। বাংলাদেশ বন বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে ১৯৬০-৬১ খ্রি. ১১.৫০ একর রাবার বাগান সৃষ্টির মাধ্যমে এ বাগানের কার্যক্রম শুরু হয় । বাগান এলাকাটির জায়গা চট্টগ্রাম এবং রাঙ্গামাটি পার্বত্য জেলা এ দুই জেলায় পরিব্যাপ্ত।

বাগানের মোট আয়তন ১৭৪৯.৫০ একর। দখলীয় জমির পরিমাণ ১৩৫৯.৭৫ একর। বেদখলকৃত জমির পরিমাণ ৫০৯.৭৫ একর।বাগান এলাকা ১২৮০.০৯ একর। অফিস, কারখানা ও অন্যান্য ৭৯.৬৬ একর।এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ২১৪.১৩৫ মে. টন অর্জিত হয়েছে।

### ডাবুয়া রাবার বাগান

ডাবুয়া রাবার বাগানটি চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা হেডকোয়ার্টার হতে প্রায় ০৪ কি.মি. উত্তর-পূর্বে দুর্গম প্রত্যন্ত পাহাড়ী অঞ্চলে অবস্থিত। ১৯৬৮-৬৯ খ্রি. ৪৭৭.৪৭ একর রাবার বাগান সৃষ্টির মাধ্যমে এই বাগানের কার্যক্রম শুরু হয়। বর্তমানে রাবার বাগনের মোট আয়তন প্রায় ২৪১৬.৬৬ একর। দখলীয় জমির পরিমাণ ২১৮৪.৭৬ একর।বেদখলকৃত জমির পরিমাণ ২৩১.৯০ একর। বাগান এলাকা ২১০০.১০ একর। অফিস, কারখানা ও অন্যান্য ৮৪.৬৬ একর। এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ৩৬৩.৬৫৩ মে. টন অর্জিত হয়েছে।

### হলদিয়া রাবার বাগান

হলদিয়া রাবার বাগানটি চট্টগ্রাম জেলার রাউজান উপজেলা হেডকোয়ার্টার হতে প্রায় ১৩ কি.মি. উত্তরে অবস্থিত ১৯৮২-৮৩ খ্রি. ৩০৫.০০ করে রাবার বাগান সৃষ্টির মাধ্যমে এ বাগানের কার্যক্রম শুরু হয়। বর্তমানে বাগানের মোট আয়তন ২৮৫৭.৮৫ একর। দখলীয় জমির পরিমাণ ২২৬৭.৬০ একর।বেদখলকৃত জমির পরিমাণ ৫৯০.২৫ একর। বাগান এলাকা ২২৪৬.০০ একর। অফিস, কারখানা ও অন্যান্য ২১.৬০ একর। এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ৪০৫.৪৫৯ মে. টন অর্জিত হয়েছে।

## কাঞ্চননগর রাবার বাগান

কাঞ্চননগর রাবার বাগানটি চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলা হেডকোয়ার্টার হতে ৯.০০ কিলোমিটার উত্তর চট্টগ্রাম খাগড়াছড়ি সড়কের পার্শ্বে শান্ত-স্নিগ্ধ পাহাড়ী এলাকায় অবস্থিত। ১৯৮২-৮৩ খ্রি. এ বাগানের কার্যক্রম শুরু হয়। বাগানের মোট আয়তন ১৩৬৬.৯৬ একর। দখলীয় জমির পরিমাণ ১১৫৯.৯৬ একর।বেদখলকৃত জমির পরিমাণ ২২৭.০০ একর। বাগান এলাকা ১১৩০.০০ একর। অফিস, কারখানা ও অন্যান্য ২৯.৯৬ একর। এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ১৯৬.৩৮৭ মে. টন অর্জিত হয়েছে।

## রাঙ্গামাটিয়া রাবার বাগান

রাঙ্গামাটিয়া রাবার বাগানটি চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলা সদরের ৭ কি.মি. উত্তর পূর্ব দিকে কাঞ্চনপুর, ফটিকছড়ি রাস্তার উভয়পার্শ্বে অবস্থিত। ১৯৮৬-৮৭ খ্রি. এ বাগানের কার্যক্রম শুরু হয়। বাগানের মোট আয়তন ১৩৫৬.৬২ একর। দখলীয় জমির পরিমাণ ৯৫৪.৬২ একর।বেদখলকৃত জমির পরিমাণ ৪৪৭.০০ একর। বাগান এলাকা ৯৩৪.২৫ একর। অফিস, কারখানা ও অন্যান্য ২০.৩৭ একর। এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ১৭২.৭৯৫ মে. টন অর্জিত হয়েছে।

## দাঁতমারা রাবার বাগান

দাঁতমারা রাবার বাগানটি চট্টগ্রাম-খাগড়াছড়ি পার্বত্য জেলা সড়কের পার্শ্বে ফটিকছড়ি থানায় রামগড় সীতাকুণ্ড রিজার্ভ ফরেস্ট এলাকায় এবং দাঁতমারা মৌজায় অবস্থিত। বাংলাদেশ বন বিভাগ কর্তৃক পরীক্ষামূলকভাবে ১৯৬৯-৭০ খ্রি. ১২.০০ একর বাগান সৃষ্টির মাধ্যমে এ বাগানের কার্যক্রম শুরু হয়। বর্তমানে বাগানের মোট আয়তন ৪৬৯১.৯০ একর। দখলীয় জমির পরিমাণ ৪২৮১.০০ একর।বেদখলকৃত জমির পরিমাণ ৪০৮.০০ একর। বাগান এলাকা ৩৯৬৫.০০ একর। অফিস, কারখানা ও অন্যান্য ৩১৬.০০ একর। চট্টগ্রাম জোনের আওতায় এটি সর্ববৃহৎ বাগান এবং এর বার্ষিক উৎপাদন ক্ষমতাও এই জোনের মোট উৎপাদন ক্ষমাতার প্রায় এক তৃতীয়াংশ। এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ৭৫১.০৯৮ মে. টন অর্জিত হয়েছে।

## তারাখোঁ রাবার বাগান

তারাখোঁ রাবার বাগানটি চট্টগ্রাম-খাগড়াছড়ি পার্বত্য জেলা সড়কের পার্শ্বে ফটিকছড়ি থানায় রামগড় সীতাকুণ্ড রিজার্ভ ফরেস্ট এলাকায় অবস্থিত। ১৯৮২-৮৩ খ্রি. ১১৮.০০ একর বাগান সৃষ্টির মাধ্যমে উক্ত বাগনের কার্যক্রম শুরু হয়। বর্তমানে বাগানের মোট আয়তন ৩১৬৭.০০ একর। দখলীয় জমির পরিমাণ ২৩০৫.০৮ একর।বেদখলকৃত জমির পরিমাণ ৬৩৪.৯২ একর। বাগান এলাকা ২২০৯.০০ একর। অফিস, কারখানা ও অন্যান্য ৯৬.০৮ একর। এই বাগানটিও অন্যতম বড় বাগান । এর উৎপাদন ক্ষমতা এই জোনের মোট উৎপাদন ক্ষমতার প্রায় এক চতুর্থাংশ। এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ৩৯৮.২৯১ মে. টন অর্জিত হয়েছে।

## রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান

চট্টগ্রাম শহর থেকে ২৮ কি.মি.দূরে রাঙ্গুনিয়া উপজেলার চট্টগ্রাম-কাপ্তাই সড়কের পোমরা ইউনিয়নে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন রাউজান-রাঙ্গুনিয়া রাবার বাগান অবস্থিত। ১০৫৫.৫১ একর নিয়ে রাঙ্গুনিয়া ও রাউজান উপজেলার মোট ০৫টি মৌজায় এ বাগানের বিস্তৃতি। এর মধ্যে রাঙ্গুনিয়া উপজেলায় ৫২১.৮২ একর এবং রাউজান উপজেলায় ৫৩৩.৬৯ একর। ২০১২-১৩ খ্রি. ১২৩.০০ একর বাগান সৃষ্টির মাধ্যমে বাগানের কার্যক্রম শুরু হয়। ২০১২-১৩ খ্রি. হতে ২০২১-২২ খ্রি. পর্যন্ত ৭৩৩.০ একর রাবার বাগান উত্তোলন করা হয়েছে।দখলীয় জমির পরিমাণ ৯৯৬.১৯ একর। বেদখলকৃত জমির পরিমাণ ৫৯.৩২ একর । বাগান এলাকা ৭৮৮.০০ একর। অফিস, কারখানা ও অন্যান্য ২০৮.১৯ একর। ২০১৯-২০ অর্থবছর হতে পর্যায়ক্রমে এ বাগান উৎপাদনের আওতায় এসেছে। এ বাগানে (২০২৩-২৪ অর্থবছরে) বাৎসরিক উৎপাদন ৫৩.৪৫৮ মে. টন অর্জিত হয়েছে।

## বিএফআইডিসি ট্রেনিং সেন্টার (বি.টি.সি.)

বিএফআইডিসি, দাঁতমারা রাবার বাগান হতে ১০.০০ একর জায়গা নিয়ে ১৯৮০ খ্রি. কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র (টিটিইউ) সৃষ্টি হয়। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে বিএফআইডিসি, মাঠ, প্রশাসন শাখার লোকজনসহ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের বিভিন্ন স্তরের কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদেরকে হাতে কলমে চাষ ও প্রক্রিয়াজাতকরণ সম্পর্কে প্রশিক্ষণ দেওয়ার জন্য স্থাপন করা হয়। উক্ত প্রশিক্ষণ কেন্দ্রের বর্তমান নাম বিএফআইডিসি ট্রেনিং সেন্টার (বি.টি.সি.)।

## জোন/বাগানে কর্মরত জনবলের তথ্য:

| ক্রমিক | জোন/বাগানের নাম | শ্রেণী | অনুমোদিত পদসংখ্যা | কর্মরত |
|---|---|---|---|---|
| ১। | রাবার বিভাগ, চট্টগ্রাম জোন দপ্তর | কর্মকর্তা | ১০ | ০৫ |
| | | কর্মচারী | ৩৯ | ১৮ |
| | | শ্রমিক | ০৪ | - |
| | | উপমোট = | ৫৩ | ২৩ |
| ২। | দাঁতমারা রাবার বাগান | কর্মকর্তা | ১১ | ০২ |
| | | কর্মচারী | ৬৯ | ২২ |
| | | শ্রমিক | ৫৩ | ১৫ |
| | | উপমোট = | ১৩৩ | ৩৯ |
| ৩। | তারাখোঁ রাবার বাগান | কর্মকর্তা | ০৯ | ০১ |
| | | কর্মচারী | ৪২ | ১২ |
| | | শ্রমিক | ৪২ | ১০ |
| | | উপমোট = | ৯৩ | ২৩ |
| ৪। | কাঞ্চননগর রাবার বাগান | কর্মকর্তা | ০৬ | ০১ |
| | | কর্মচারী | ৩৩ | ১১ |
| | | শ্রমিক | ২৩ | ০৪ |
| | | উপমোট = | ৬২ | ১৬ |
| ৫। | রাঙ্গামাটিয়া রাবার বাগান | কর্মকর্তা | ০৬ | ০২ |
| | | কর্মচারী | ৩২ | ০৭ |
| | | শ্রমিক | ২০ | ০৫ |
| | | উপমোট = | ৫৮ | ১৪ |
| ৬। | হলদিয়া রাবার বাগান | কর্মকর্তা | ০৭ | ০১ |
| | | কর্মচারী | ৩৬ | ০৬ |
| | | শ্রমিক | ২৫ | ০৮ |
| | | উপমোট = | ৬৮ | ১৫ |
| ৭। | ডাবুয়া রাবার বাগান | কর্মকর্তা | ০৭ | ০২ |
| | | কর্মচারী | ৩৮ | ০৮ |
| | | শ্রমিক | ৩৮ | ০৫ |
| | | উপমোট = | ৮৩ | ১৫ |
| ৮। | রাউজান রাবার বাগান | কর্মকর্তা | ০৬ | ০২ |
| | | কর্মচারী | ৩৪ | ০৭ |
| | | শ্রমিক | ২৯ | ০৪ |
| | | উপমোট = | ৬৯ | ১৩ |
| ৯। | রাউান-রাঙ্গুনিয়া | কর্মকর্তা | ০১ | ০১ |
| | | কর্মচারী | ১২ | ০৩ |
| | | শ্রমিক | ০৭ | - |
| | | উপমোট = | ২০ | ০৪ |
| ১০। | রামু রাবার বাগান | কর্মকর্তা | ০৮ | ০১ |
| | | কর্মচারী | ৩৬ | ১২ |
| | | শ্রমিক | ৩২ | ০৭ |
| | | উপমোট = | ৭৬ | ২০ |
| | মোট = | কর্মকর্তা | ৭১ | ১৮ |
| | | কর্মচারী | ৩৭১ | ১০৬ |
| | | শ্রমিক | ২৭৩ | ৫৮ |
| | | সর্বমোট = | ৭১৫ | ১৮২ |

বি. দ্র. ঃ **১**। শ্রেণী ঃ শ্রমিক শাখা- টেপার ও টেপিং সুপারভাইজার এর পদ সংখ্যা কর্মরত জনবলের সাথে যোগ করা হয়নি।

২। **বিএফআইডিসি, সদর দপ্তর,ঢাকার অফিস আদেশ নং-১৫৮, তারিখ ঃ ২৪-০৩-২০১১ দ্বারা অনুমোদিত সেটআপের সাথে নিম্নোক্ত আদেশ সংযুক্ত করা হয় ঃ**

**(১) রাবার বাগান সমূহে প্রতি ৪০০টি উৎপাদনশীল গাছের জন্য ০১ জন টেপার**
**প্রতি ৩০ জন টেপারের জন্য ০১ জন টেপিং সুপারভাইজার**



বালতিতে সংরক্ষিত রাবার কষ (ল্যাটেক্স)

## রাবার প্রসেসিং কারখানার বিবরণ:

| ক্র. নং | বাগানের নাম | গুদাম ঘরের সংখ্যা (টি) | ধারণ ক্ষমতা (টন) | ধুমঘরের সংখ্যা (টি) | কোয়াগুলেটিং ট্যাংকের সংখ্যা (টি) |
|---|---|---|---|---|---|
| ১ | রামু | ০২ টি | ১৫০ টন | ০২ টি | ১৬টি |
| ২ | রাউজান | ০২ টি | ১৫০ টন | ০২টি | ১৬টি |
| ৩ | ডাবুয়া | ০১টি | ১০০ টন | ০২ টি | ২২ টি |
| ৪ | হলদিয়া | ০১টি | ২০০ টন | ০৩ টি | ২৭টি |
| ৫ | কাঞ্চননগর | ০২টি | ১৩০ টন | ০১ টি | ০৮টি |
| ৬ | রাঙ্গামাটিয়া | ০১ টি | ১০০ টন | ০১ টি | ১০ টি |
| ৭ | দাঁতমারা | ০৩ টি | ২৫০ টন | ০৪ টি | ৫২ টি |
| ৮. | তারাখোঁ | ০২ টি | ১২০ টন | ০৩ টি | ২৬টি |
| ৯. | রাউজান-রাঙ্গুনিয়া | ০১ টি | ৩০ টন | ০১টি | ০৫টি |

## স্থাপনা ও ভবনাদি সম্পর্কিত তথ্যঃ

| ক্র. নং | বাগানের নাম | ডরমেটরি/পাকা বাসা ভবন/সেমি পাকা ভবন | অফিস ভবন | ধর্মীয় প্রতিষ্ঠান | রেস্ট হাউজ |
|---|---|---|---|---|---|
| ১ | রামু | ৪৭টি | ০১ টি | ০১টি | ০১ টি |
| ২ | রাউজান | ২০ টি | ০১ টি | ০১ টি | ০১ টি |
| ৩ | ডাবুয়া | ২৭টি | ০১ টি | ০১ টি | ০১ টি |
| ৪ | হলদিয়া | ২২টি | ০১ টি | ০১ টি | ০১ টি |
| ৫ | কাঞ্চননগর | ১২ টি | ০১ টি | ০১ টি | - |
| ৬ | রাঙ্গামাটিয়া | ১২ টি | ০১ টি | - | ০১ টি |
| ৭ | দাঁতমারা | ৪২টি | ০১টি | ০১ টি | ০১ টি |
| ৮ | তারাখোঁ | ২০টি | ০১ টি | ০১ টি | ০১ টি |
| ৯ | রাউজান-রাঙ্গুনিয়া | ০৭টি | ০১টি | - | - |



রোলার মেশিনে রাবার শীট রোলিং

## চট্টগ্রাম জোনের অর্জন

| ক্রমিক নং | বাগানের নাম | উৎপাদন (মে. টন) | বিক্রয় (মে. টন) | নার্সারী সৃজন (একর) | পুন:বাগান সৃজন (একর) | জীবনচক্র হারানো গাছ কর্তন (সংখ্যা) | মজুদ রাবারের পরিমাণ (মে. টন) (৩০ জুন ২০২৩ তারিখে ইনভেন্টরী প্রতিবেদন অনুযায়ী) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | গ্রেড-১ | গ্রেড-২ | গ্রেড-৩ | অন্যান্য | মোট |
| ১. | রামু | ১৮১.৩১২ | | ১.৫০ | ৭৭.০০ | ২০৫৯৫ | ১৮৩৩.০০ | | | ৩২৪৫ | ৫০৭৮ |
| ২. | রাউজান | ২১৪.১৩৫ | | ১.০০ | ৫০.০০ | ২৫৫৪ | ৮৩৯৭ | ৬২০০ | - | ২৭ | ১৪,৬২৪ |
| ৩. | ডাবুয়া | ৩৬৩.৬৫৩ | | ১.০০ | ৬০.০০ | ৩০১৪১ | ৪৭০০ | | | ১৪০১৪ | ১৮৭১৪ |
| ৪. | হলদিয়া | ৪০৫.৪৫৯ | | ১.০০ | ৫৩.০০ | ২৮৫০৪ | ১০০ | - | - | ৩৭৩১ | ৩৮৩১ |
| ৫. | কাঞ্চননগর | ১৯৬.৩৮৭ | | ১.০০ | ৫৫.০০ | ৯৯০৬ | ৮৪৯৬ | | | ৪৭৯ | ৮৯৭৫ |
| ৬. | রাঙ্গামাটিয়া | ১৭২.৭৯৫ | | ০.৫০ | ৩০.০০ | ২২২৮২ | ৩৭৫১ | | | ৫৮৫ | ৪৩৩৬ |
| ৭. | দাঁতমারা | ৭০২.৫৫৭ | | ২.০০ | ৫০.০০ | ৬১৫৩০ | ৩৮১২৫ | ১০৬২৫ | ১৩১৩ | ৯৫৮ | ৫১০২১ |
| ৮. | তারাখোঁ | ৩৯৮.২৯১ | | ২.০০ | ১০০.০০ | ১৩৮৬১ | ৬০৩৮ | | | ১৩৪৪ | ৭৩৮২ |
| ৯. | রাউজান-রাঙ্গুনিয়া | ৫৩.৪৫৮ | | ১.০০ | - | - | ৪০০ | ১১৬ | - | ৩১১ | ৮২৭ |
| ১০. | রাবার সংরক্ষন গুদাম কালুরঘাট, চট্টগ্রাম | - | - | - | - | - | - | - | - | - | - |
| | উপমোট = | ২৬৮৮.০৪৭ | | ১১.০০ | ৪৭৫.০০ | ১৮৯৩৭৩ | | | | | ১১৪৭৮৮ |


রাবার গাছ টেপিং প্রক্রিয়া


ড্রোনে ধারণকৃত রাবার বাগান

# উন্নয়ন প্রকল্প/কর্মসূচি

- বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এর রাবার বাগান ও শিল্প ইউনিটসমূহ আধুনিকীকরণের লক্ষ্যে ৫৮৮.৭৬ কোটি টাকা ব্যয়ে "বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্প প্রণয়ন করে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ হয়েছে।
- ২০২৩-২০২৪ অর্থবছরে ১১.০০ একর নার্সারী, পুনর্বাসন বাগান সৃজন ৪৭৫.০০ একর বাগান সৃজন করা হয়েছে।

## সম্পাদিত উন্নয়নমূলক কার্যক্রম

| ক্রমিক | কাজের বিবরণ | দপ্তর/বাগানের নাম | জোনের নাম | মূল্য ও কার্যাদেশের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **জোন দপ্তর ও রাবার বাগান (২০২৩-২৪)** | | | | | |
| ১. | বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম জোনের রেস্ট হাউজের ও হলরুমের আধুনিকায়ন কাজ। | **বিএফআইডিসি, রাবার বিভাগ, জোন দপ্তর, চট্টগ্রাম।** | **চট্টগ্রাম জোন** | **২৪,৩১,৬৩৭.১০ তারিখ ঃ ১৪-০১-২০২৪ খ্রি.** | |
| ২. | বিএফআইডিসি, রাবার বিভাগ, চট্টগ্রাম জোনের কনফারেন্স রুম ও রেস্ট হাউজে ব্যবহারের জন্য ০৩টি শীতাতপ যন্ত্র (এসি) ও ০২টি আই.পি.এস সরবরাহসহ ফিটিং ফিক্সিং এবং (খ) কনফারেন্স রুমে প্রজেক্টর, সাউন্ড সিস্টেম ও রুমের আধুনিকায়ন। | **বিএফআইডিসি, রাবার বিভাগ, জোন দপ্তর, চট্টগ্রাম।** | **চট্টগ্রাম জোন** | ১৫,৭৫,৬৪৮.২০ তারিখ ঃ ২৬/০৯/২০২৩ | |
| ৩. | বিএফআইডিসি, রামু রাবার বাগান, রামু, কক্সবাজার এর বিশ্রামাগার (রজনীগন্ধা কক্ষ) মেরামত ও সজ্জিতকরণ, কমন ওয়াশরুমসহ বর্ধিতকরণ কাজ | বিএফআইডিসি, রামু রাবার বাগান, রামু, কক্সবাজার | **চট্টগ্রাম জোন** | ২১,২১,৪১৬.৪১ **তারিখ ঃ ১৬-০১-২০২৪ খ্রি.** | |
| ৪. | বিএফআইডিসি, রাঙ্গামাটিয়া রাবার বাগান, ফটিকছড়ি, চট্টগ্রামের অভ্যন্তরে ব্রিক সলিং রাস্তা তৈরী কাজ। | **বিএফআইডিসি, রাঙ্গামাটিয়া রাবার বাগান, চট্টগ্রাম** | **চট্টগ্রাম জোন** | **১১,৬৪,৬৯০.০** তারিখ : ১১-০৬-২০২৪ খ্রি. | |

# ভবিষ্যত পরিকল্পনা:

## ❑ রাবার সেক্টর:

১. **উন্নত রাবার জাত (ক্লোন) সংগ্রহ** ও দেশীয় পদ্ধতিতে **রাবার বাগান সৃজন**;
২. জীবনচক্র হারানো রাবার গাছ কর্তন সংক্রান্ত ১০ বছর মেয়াদি মাস্টারপ্ল্যান বাস্তবায়ন;
৩. **রাবারকে কৃষিপণ্য হিসাবে ঘোষণা**র কার্যক্রম অব্যাহত রাখা;
৪. জবরদখলদার উচ্ছেদের কার্যক্রম অব্যাহত রাখা;
৫. **রাবার বাগানের জায়গা বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ**;
৬. রাবার বাগানের ম্যাপিং কার্যক্রমের উদ্যোগ গ্রহণ;
৭. রাবার বাগান বৃদ্ধির উদ্যোগ গ্রহন;
৮. **পর্যায়ক্রমে সকল রাবার বাগানে আধুনিক ধুমঘর, ড্রিপিং শেড** নির্মান **ও রোলিং মেশিন স্থাপন**;
৯. রাবারের উৎপাদন খরচ কমিয়ে রাবারের বিক্রি সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ;
১০. রাবার ও রাবার কাঠ এবং আসবাবপত্রের বাজার সম্প্রসারণের জন্য প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ;
১১. **বিএফআইডিসি'র উৎপাদিত পন্যের বাজার দেশীয় ও আন্তজার্তিক পর্যায়ে বিস্তৃত করার উদ্যোগ গ্রহ**

## ❑ শিল্প সেক্টর:

১. মহাপ্রকল্প কাপ্তাই (টেক্স কাপ্তাই, এলপিসি কাপ্তাই ও পিএসও কাপ্তাই) এর বিদ্যমান জায়গা বানিজ্যিকভাবে সর্বোচ্চ ব্যবহারের কার্যক্রম গ্রহণের লক্ষ্যে মাস্টার প্ল্যান তৈরি;
২. **বুয়েটের সাথে বিএফআইডিসির প্রযুক্তিগত ও কারিগরী দক্ষতা বিনিময়ের লক্ষ্যে** MoU স্বাক্ষর ;
৩. **আইবিএ এর সাথে বিএফআইডিসির বিজনেস প্রমোটর** ব্র্যান্ডিং **এর জন্য** MoU স্বাক্ষর;
৪. শিল্প ইউনিটসমূহের আধুনিকায়ন ও অবকাঠামোগত উন্নয়ন।

## ❑ অন্যান্য:

১. অর্থ মন্ত্রণালয়ের সুপারিশ পর্যায়ক্রমে বাস্তবায়ন;
২. মালামাল ও স্থায়ী সম্পদের মজুদ সিস্টেম অটোমেশন এবং ই-শপ সিস্টেম চালুর উদ্যোগ গ্রহণ;
৩. কর্পোরেশনের সকল পর্যায়ে ডি-নথি, BEFTN এবং iBas++ চালুকরণ;
৪. হিসাবরক্ষণ ও মানবসম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমকে অটোমেশনের আওতায় আনা;
৫. শূণ্যপদে জনবল নিয়োগ এবং পদোন্নতির ব্যবস্থা গ্রহণ;
৬. কর্পোরেশনের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদান;
৭. প্রতিটি বিভাগে শিল্প ইউনিট স্থাপন।

# চ্যালেঞ্জ:

১. রাবার বোর্ড কর্তৃক উচ্চফলনশীল জাত (ক্লোন) সংগ্রহ;
২. ১০ লক্ষ অর্থনৈতিকভাবে জীবনচক্র হারানো রাবার গাছ কর্তনপূর্বক দ্রুত অপসারণ ও নতুন বাগান সৃষ্টি;
৩. রাবার'কে কৃষি পণ্য হিসেবে বিবেচিত না হওয়ায় ভ্যাট (১৫%), আইটি (৪-৫%) ও সেবা কর (৭%) সহ মোট ২৭.৫% কর ধার্য রয়েছে। অপরদিকে বেসরকারী উৎপাদনকারী ও আমদানীকারীদের ক্ষেত্রে ভ্যাট আইটি কম (মাত্র ৫%) হওয়ায় অসম প্রতিযোগীতার সম্মুখীন;
৪. পার্বত্য চট্টগ্রামে উৎপাদিত ব্যক্তিমালিকানাধীণ রাবারের ওপর ভ্যাট প্রযোজ্য নয় এবং টেন্ডারে বিক্রি না করায় অন্যান্য করও প্রয়োজ্য নয়। ফলে বিএফআইডিসি'র উৎপাদিত রাবার কম দামে বিক্রি করতে হচ্ছে;
৫. প্রায় ৬০% রাবার গাছ অনুৎপাদনশীলের কারনে রাবার উৎপাদন হ্রাস;
৬. মাঠর্যায়ে প্রয়োজনীয় শ্রমিকের স্বল্পতা;

৭. উৎপাদনের তুলনায় রাজস্বখাতে শ্রমিকের সংখ্যা ও মজুরি বেশী হওয়ায় উৎপাদন ব্যয় বৃদ্ধি;
৮. জবর দখলদার উচ্ছেদ;
৯. দক্ষ, অভিজ্ঞ ও উপযুক্ত জনবলের সংকট;
১০. শিল্প ইউনিটে প্রয়োজনীয় অবকাঠামো ও আধুনিক যন্ত্রপাতি সংযোজনের জন্য মূলধনী বাজেটের স্বল্পতা।

## চ্যালেঞ্জ উত্তরণের উপায় [Way Forward]:

১. বাংলাদেশ রাবার বোর্ডের মাধ্যমে উচ্চফলনশীল ক্লোন (High Yielding Variety) আমদানীর বিষয় রাবার বোর্ড কর্তৃক উদ্যোগ গ্রহণ;
২. জীবনচক্র হারানো গাছসহ অনুৎপাদনশীল গাছ কর্তনর্পূবক নতুন বাগান সৃজন;
৩. রাবার'কে কৃষি পণ্য হিসেবে ঘোষণা করে ভ্যাট ও করের আওতামুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৪. জবর দখলদার উচ্ছেদ;
৫. উভয় সেক্টরে সরকারি অনুদানের মাধ্যমে ভৌত ও অবকাঠামোগত সুবিধা বৃদ্ধির জন্য নতুন নতুন প্রকল্প গ্রহণ;
৬. প্রতিটি বিভাগে শিল্প ইউনিট স্থাপন।
৭. উপযুক্ত মজুরি প্রদানের মাধ্যমে অস্থায়ী শ্রমিকের সরবরাহ সহজলভ্য করা;
৮. নতুননতুন রাবার বাগান সৃজন;
৯. দক্ষ জনবল তৈরী;
১০. সকল স্তরে ডিজিটাইজড করা;
১১. নিয়মিত শ্রমিক হ্রাস করে ব্যয় কমানোর মাধ্যমে রাবারের উৎপাদন খরচ কমানো;
১২. আধুনিক যন্ত্রপাতি সম্বলিত একাধিক উৎপাদন লাইন (Production Line) সংযোজন।

## স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নে বিএফআইডিসির সময়াবদ্ধ কর্মপরিকল্পনা

স্মার্ট বাংলাদেশ ও ভিশন ২০৪১ বাস্তবায়নে **বিএফআইডিসির ৮৪টি**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়।যার মধ্যে তাৎক্ষণিক স্বল্পমেয়াদী (Immediate Short-term) (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) ১৬টি, স্বল্পমেয়াদী (Short-term) (জানু:২০২৪- ডিসেম্বর২০২৪) ২৭টি, মধ্যমেয়াদী (Mid-term) ( জানু:২০২৫ - ডিসেম্বর২০৩০) ৩০টি এবং দীর্ঘমেয়াদী ( Long Term) ( জানু:২০৩১-ডিসেম্বর ২০৪১) ১১টি। এই **৮৪টি** সময়াবদ্ধ কর্মপরিকল্পনার মধ্যে তাৎক্ষণিক স্বল্পমেয়াদী(Immediate Short-term) এর ১৬টি কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের ৩১শে ডিসেম্বর,২০২৩ এর মধ্যে বাস্তবায়ন করা হয়েছে। অন্যদিকে স্বল্পমেয়াদী(Short-term) এর ২৭টি কর্মপরিকল্পনার বাস্তবায়নের কার্যক্রম ১লা জানুয়ারি ২০২৪ হতে শুরু হয়েছে যা ৩১শে ডিসেম্বর,২০২৪ এর মধ্যে সম্পন্ন হবে।

**স্মার্ট বাংলাদেশ ওভিশন– ২০৪১ এর তাৎক্ষণিক স্বল্পমেয়াদি কর্মপরিকল্পনার বাস্তবায়নঅগ্রগতি**

| ক্র. নং | উদ্যোগের নাম | ৩১ই ডিসেম্বর/২০২৩খ্রি. পর্যন্ত গৃহীত বিভিন্ন কর্মপরিকল্পনার বাস্তবায়ন-অগ্রগতি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০১. | ফার্ণিচার শোরুম রিনোভেশন। | বাস্তবায়িত |
| ০২. | ফার্ণিচারের ক্যাটালগ হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রদর্শন। | বাস্তবায়িত |
| ০৩. | রাবার বিক্রয় সহজিকরণ। | বাস্তবায়িত |
| ০৪. | পাইলটিং ভিত্তিতে রাবার বাগানের কার্যক্রম মনিটরিং এর জন্য ড্রোন ক্যামেরার ব্যবহার। | বাস্তবায়িত |
| ০৫. | সদর দপ্তরের সম্মেলন কক্ষে ডিজিটাল স্মার্ট (এলইডি) বোর্ড স্থাপন। | বাস্তবায়িত |
| ০৬. | কম্পিউটার ক্রয়। | বাস্তবায়িত |
| ০৭. | রাবার বাগানে উন্নত ল্যাটেক্স ছাকনী ব্যবহার নিশ্চিতকরণ। | বাস্তবায়িত |
| ০৮. | রাবার বাগানের কার্যক্রম গতিশীল করার জন্য প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে মনিটরিং টিম গঠন। | বাস্তবায়িত |
| ০৯. | আহরিত কষের অপচয় রোধে রাবার বাগানসমূহের প্রবেশ মুখে পাহারা চৌকি স্থাপন। | বাস্তবায়িত |
| ১০. | প্রাকৃতিক রাবার বিক্রয় ও রপ্তানী নীতিমালা - ২০14 হালনাগাদকরণ। | বাস্তবায়িত |
| ১১. | শাহ্জীবাজার রাবার বাগানে গ্যাস চালিত আধুনিক ধুমঘর নির্মাণ কাজ সমাপ্তকরণ। | বাস্তবায়িত |
| ১২. | প্রেসার ট্রিটমেন্ট প্লান্ট,শ্রীমঙ্গলে আধুনিক ফার্ণিচার শেড নির্মাণ সমাপ্তকরণ। | বাস্তবায়িত |
| ১৩. | দক্ষ মানব সম্পদ গড়ার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ। | বাস্তবায়িত |
| ১৪. | বিএফআইডিসি'র বেদখলকৃত জমি উদ্ধার কার্যক্রম চলমান। | বাস্তবায়িত |
| ১৫. | কর্পোরেশন আইন- ২০২৩ চুড়ান্তকরণে সরকারকে সহায়তাকরণ। | বাস্তবায়িত |
| ১৬. | শূন্যপদে জনবল নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম গ্রহন। | বাস্তবায়িত |

এছাড়াও তথ্য প্রযুক্তি ভিত্তিক আরো ২০টি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে । যার মধ্যে স্বল্পমেয়াদী (Short-term) (জানু:২০২৪- ডিসেম্বর:২০২৪) ৯টি , মধ্যমেয়াদী (Mid-term) ( জানু:২০২৫- ডিসেম্বর ২০৩০) ৭টি এবং দীর্ঘমেয়াদী ( Long Term) ( জানু: ২০৩১-ডিসেম্বর ২০৪১) ৪টি।

## স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক বিএফআইডিসির তথ্যপ্রযুক্তি ভিত্তিক কর্মপরিকল্পনা

| ক্রমিক | উদ্যোগেরনাম | স্বল্পমেয়াদি (Short-term) (জানু,২০২৪-ডিসেম্বর২০২৪) | মধ্যমেয়াদি (Mid-term) (জানু,২০২৫-ডিসেম্বর২০৩০) | দীর্ঘমেয়াদি (Long-term) (জানু,২০৩১-ডিসেম্বর২০৪১) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১. | আধুনিক উন্নতমানের আসবাবপত্র তৈরির জন্য পর্যায়ক্রমে যন্ত্রপাতি ক্রয়। | ✓ | ✓ | |
| ০২. | বিএফআইডিসির সকল পর্যায়ের আর্থিক কার্যক্রম অটোমেশন। | ✓ | | |
| ০৩. | বিএফআইডিসির কর্মচারীদের তথ্য সম্বলিত ডাটাবেজ তৈরি। | ✓ | | |
| ০৪. | বিএফআইডিসির ট্রেনিং সেন্টারে কার্যক্রম ডিজিটালাইজড করা। | ✓ | | |
| ০৫. | বিএফআইডিসির ট্রেনিং সেন্টারে এলইডি মনিটর স্থাপন। | ✓ | | |
| ০৬. | বিএফআইডিসির নিরিক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম জাতীয় সফ্‌টওয়্যারের সাথে সম্পৃক্তকরণ । | ✓ | | |
| ০৭. | বিএফআইডিসির সকল টেন্ডার কার্যক্রম e-GP এর মাধ্যমে সম্পন্নকরণ। | ✓ | | |
| ০৮. | ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম | ✓ | | |
| ০৯. | অনলাইন শপ সফটওয়ার তৈরি | ✓ | | |
| ১০. | আধুনিক ও উন্নতমানের আসবাবপত্র নির্মাণের জন্য স্মার্ট প্রযুক্তির ব্যবহার | | | ✓ |
| ১১. | বিএফআইডিসির কার্যক্রমের সকল স্তরে শতভাগ অটোমেশন নিশ্চিতকরণ। | | | ✓ |
| ১২. | রাবার ও শিল্পইউনিটে আধুনিক যন্ত্রপাতি ক্রয় অব্যাহত রাখা। | | | ✓ |
| ১৩. | বিএফআইডিসির সক্ষমতা বৃদ্ধিতে ইনস্টিটিউশনাল মেমোরি তৈরি | | ✓ | |
| ১৪. | বিএফআইডিসির কর্মকর্তাদের (KPI) মূল্যায়নের জন্য একটি স্বতন্ত্র সিষ্টেম প্রস্তুত | | ✓ | |
| ১৫. | এ টু আইয়ের সার্বিক সহায়তায় বিএফআইডিসির সেবাসহজীকরণ ও ডিজিটাল সেবায় রুপান্তর করা ।সকল কার্যক্রম ডি -নথির মাধ্যমে সম্পন্ন করা। | ✓ | | |
| ১৬. | পাহাড়, জলাধার,সহ সকল ইকোলজিক্যাল রিসোর্স সমূহের ম্যাপিং ডাটাবেস তৈরি | ✓ | ✓ | |
| ১৭. | আধুনিক ওয়েবসাইট নির্মাণ ও হালনাগাদকরণ | | ✓ | |
| ১৮. | ফাইল আর্কাইভ সিস্টেম (সেখানে পূর্বের ফাইলগুলো স্ক্যান করে সংরক্ষিত থাকবে)। | | ✓ | |
| ১৯. | Smart Project Planning, Designing, Monitoring & Evaluation System Using AI, Big Data | | ✓ | ✓ |
| ২০. | ই-স্টোর এন্ডই-রিকুইজেশন ম্যানেজমেন্ট সিস্টেমO2 | ✓ | ✓ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

## রাবার বিভাগ, চট্টগ্রাম জোন

এফ-১২, চান্দগাঁও আবাসিক এলাকা, চট্টগ্রাম-৪২১২ ।